# ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের দাবিতে শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের সমর্থন

*ছবি: সংগৃহীত*

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৩ অক্টোবর ২০২৫ | ১৫:২১

- অ +

নন-এমপিও ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক-কর্মচারীদের ন্যায্য দাবির আন্দোলনের প্রতি পূর্ণ সমর্থন ও সংহতি জানিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্য জোট। আজ বৃহস্পতিবার সংগঠনের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়ার স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে নন-এমপিও ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীরা দীর্ঘদিনের অবহেলা ও বঞ্চনার প্রতিবাদে রাজপথে নেমেছেন। তাঁদের দাবি–দ্রুত এমপিওভুক্তির আওতায় আনা, ন্যায্য বেতন-ভাতা নিশ্চিত করা, চাকরির নিরাপত্তা প্রদান এবং মানবিক জীবনযাপনের সুযোগ সৃষ্টি করা।

ঐক্য জোট মনে করে, শিক্ষা ব্যবস্থার উন্নয়ন তখনই সম্ভব যখন প্রাথমিক পর্যায়ের প্রতিটি শিক্ষককে রাষ্ট্রীয় স্বীকৃতি ও আর্থিক সুরক্ষা দেওয়া হবে। অথচ নন-এমপিও এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা বছরের পর বছর অমানবিক কষ্টে জীবনযাপন করছেন—যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

বিজ্ঞপ্তিতে গভীর উদ্বেগ প্রকাশ করে বলা হয়, শিক্ষকদের যৌক্তিক দাবি উপেক্ষা করে তাঁদের আন্দোলনকে অবহেলার চোখে দেখা হচ্ছে। এটি শুধু শিক্ষকদের প্রতি নয়, গোটা শিক্ষা ব্যবস্থার প্রতি এক ধরনের অবমাননা।

এই প্রেক্ষাপটে শিক্ষক-কর্মচারী ঐক্য জোট ঘোষণা করেছে যে তারা নন-এমপিও ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক-কর্মচারীদের আন্দোলনের সঙ্গে সম্পূর্ণভাবে একাত্ম ও সংহতি প্রকাশ করছে। প্রয়োজনে তারা মাঠে ও রাজপথে অবস্থান কর্মসূচিতে অংশগ্রহণ করবে।

**সংগঠনটি সরকারের প্রতি চার দফা দাবি**

১. অবিলম্বে নন-এমপিও ইবতেদায়ী মাদরাসাগুলোকে এমপিওভুক্ত করা
২. বকেয়া ভাতা ও সম্মানী প্রদানের ব্যবস্থা করা
৩. শিক্ষকদের চাকরির নিরাপত্তা ও পদোন্নতির নীতিমালা প্রণয়ন করা
৪. জাতীয় শিক্ষানীতিতে ইবতেদায়ী মাদরাসা শিক্ষার মর্যাদা নিশ্চিত করা

বিজ্ঞপ্তির শেষে অধ্যক্ষ সেলিম ভূঁইয়া বলেন, আমরা বিশ্বাস করি, শিক্ষকদের মুখে হাসি ফিরলে শিক্ষার মানও উন্নত হবে। তাই সরকারের প্রতি আহ্বান—দ্রুত ইতিবাচক পদক্ষেপ নিয়ে এই অচলাবস্থা দূর করুন।